মেহেরপুরে খাস জমি দখল পেতে প্রতিপক্ষকে রক্তাক্ত

সরকারি খাস জমি সংক্রান্ত বিরোধের জের ধরে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামে প্রতিপক্ষের হামলায় রক্তাক্ত জখম হয়েছেন শহিদুল ইসলাম (৫০) নামের এক দিন মজুর।

আহত শহিদুল ইসলাম বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

রবিবার (২১ আগষ্ট) দিবাগত রাতে সাড়ে ৯ টার দিকে প্রতিপক্ষ আমিরুল ইসলামের নেতৃত্বে তার ছেলে আল কাউছ সায়েম, আবু সালেহ, আমিরুলের অপর ভাই আজিজুল ও রুহুল লাঠি শোঠা ও ধারা অস্ত্র দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করে। পরে মূমূর্ষ অবস্থায় শহিদুলকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

শহিদুল জানান, আমার কোনো জমি জায়গা নেই। তাই ৮ শতক সরকারি খাস জমি বন্দোবস্ত নিয়ে বসবাস করছি। আমাকে ওই খাস জমি থেকে বিতাড়িত করতে প্রতিপক্ষ আমিরুল ইসলাম ষড়যন্ত্র করছে। এনিয়ে দেওয়ানী আদালতে একটি মামলা চলমান আছে। আদালত জমির উপরে না যাওয়ার জন্য তাদের নির্দেশও দিয়েছে। তারপরেও জমিটি দখল নিতে ওই পক্ষটি আমাকে বারবার মারধর করে আসছে। হুমকি ধামকি দিয়ে আসছে।

গতকাল তারা পূর্ব পরিকল্পিতভাবে আমার উপর হামলা চালিয়ে মাথায় ধারাল অস্ত্র দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করে। আমার মাথায় তিনটা সেলাই হয়েছে। এছাড়া শরীরের বিভিন্ন স্থানে ফোলা জখমের ক্ষত রয়েছে।

এঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলেও জানান তিনি।